নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী - ৩৮১৪, বাংলাদেশ
Noakhali Science and Technology University (NSTU)
Noakhali - 3814, Bangladesh

Phone : 880-321-62812
Mobile : +880-1888661080
E-mail : economics@office.nstu.edu.bd

অর্থনীতি বিভাগ
Department of Economics

স্মারক : নোবিপ্রবি/অর্থনীতি-এম.এস.এস ভর্তি-৯/২০২৬/২১২২ তারিখ : ০৯/০৮/২০২৬

## স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (মাস্টার্স) (Master of Social Science) এ ভর্তির জন্য আবেদনপত্রের আহবান করা যাচ্ছে। ভর্তিইচ্ছুক ছাত্র-ছাত্রীরা অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে আগামী **১৬/০৮/২০২৬ থেকে ০৯/০৯/২০২৬** তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে হবে।

**ডিগ্রী:** মাস্টার অব সোশ্যাল সায়েন্স ইন ইকোনমিক্স।

**ভর্তির যোগ্যতা:**

১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সমমানের ডিগ্রীধারী হতে হবে।

২। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ ২.২৫ থাকতে হবে এবং বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ ২.৫০ থাকতে হবে। বহিঃস্থ প্রার্থীদের লিখিত পরীক্ষায় উত্তীর্ন হতে হবে।

৩। বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিইচ্ছুক ছাত্র-ছাত্রী পূর্বে কোন সেমিস্টারে ভর্তিকৃত কিনা, চাকুরীরত কিনা ইত্যাদি বিষয়ে যাচাই-বাছাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীদের কে ভর্তি করা হবে।

৪। অসম্পূর্ন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। ডাকযোগে পাঠানো আবেদন গ্রহনযোগ্য নয়।

**আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।**

১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।

২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রশংসাপত্র।

৩। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।

৪। চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বারো) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।

৫। আবেদন ফরমের মূল্য:

ক) অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে ১০০০ (এক হাজার) টাকা।

খ) বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা।

টাকা অগ্রণী ব্যাংক, হিসাব শাখা অর্থনীতি বিভাগ **এর নির্ধারিত হিসাব নং (০২০০০২৪২২৮৯৭০)** এ জমা দিতে হবে। ভর্তি ফরমের সঙ্গে টাকা জমার রসিদ সংযুক্ত করতে হবে।

৬। ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে মোবাইল নম্বর: 01888-661080 এ যোগাযোগ করতে হবে।

ধন্যবাদান্তে

ড. মোহাম্মদ মোকাম্মেল করিম তৌফিক
সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান
অর্থনীতি বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অনুলিপি ঃ

১। ডিন, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, নোবিপ্রবি।
২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।
৩। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।
৫। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)।
৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৭। বিভাগীয় নোটিশ বোর্ড।
৮। অফিস কপি।

Department of Economics